

সংবাদ বিজ্ঞপ্তি

বিশ্ব সামাজিক ন্যায়বিচার দিবস উপলক্ষে
'প্রাতিষ্ঠানিক কর্মসংস্থানের মাধ্যমে সামাজিক ন্যায়বিচার অর্জন'
বিষয়ক জাতীয় ওয়েবিনার

২০ ফেব্রুয়ারি (রবিবার) ২০২২: সামাজিক ন্যায়বিচার বিষয়ক সংসদীয় ককাসের সাথে সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস (সিপিজে), ব্র্যাক বিশ্ববিদ্যালয়, এবং ইন্সটিটিউট অফ ইনফরমেটিক্স অ্যান্ড ডেভেলপমেন্ট (আইআইডি)-এর যৌথ উদ্যোগে 'বিশ্ব সামাজিক ন্যায়বিচার দিবস' উপলক্ষে আজ (রবিবার) ২০ ফেব্রুয়ারি ২০২২ বিকাল ৪.০০টায় 'প্রাতিষ্ঠানিক কর্মসংস্থানের মাধ্যমে সামাজিক ন্যায়বিচার অর্জন' বিষয়ক জাতীয় ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে।

অন্তর্ভুক্তি, সমতা ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করতে কর্মসংস্থানের গুরুত্ব বিশ্লেষণ করার জন্য ওয়েবিনারে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- মাননীয় সংসদ সদস্য মীর মোস্তাক আহমেদ রবি এমপি, তানভীর শাকিল জয় এমপি, রানা মোহাম্মদ সোহেল এমপি, সেন্টার ফর পিস এন্ড জাস্টিস ব্র্যাক (সিপিজে), ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের পরিচালক শাহরিয়ার সাদাত, সামাজিক ন্যায়বিচার বিষয়ক সংসদীয় ককাসের কো চেয়ার মাহজাবিন খালেদ, গৃহকর্মী অধিকার নেটওয়ার্কের ভারপ্রাপ্ত সমন্বয়ক আবুল হোসাইন, আওয়াজ ফাউন্ডেশনের মাইগ্রেশন প্রকল্প পরিচালক আনিসুর রহমান খান, সেন্টার ফর পলিসি ডায়ালগের সিনিয়র গবেষণা ফেলো তৌফিকুল ইসলাম খান এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইন্সটিটিউট অফ ইনফরমেটিক্স অ্যান্ড ডেভেলপমেন্ট (আইআইডি) এর প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা সায়ীদ আহমেদ।

সভায় অতিথিরা বলেন, বিগত পাঁচ দশকে, বাংলাদেশ একটি মধ্য আয়ের দেশে পরিণত হয়েছে। এটি সম্ভব হয়েছে পরিবর্তিত সময়ের স্রোতের সাথে তাল মিলিয়ে জনগণের দৃঢ় ভূমিকা ও ইচ্ছাশক্তির ফলে মাথাপিছু আয় বৃদ্ধি, দারিদ্র্যের হার হ্রাস, বৈদেশিক মুদ্রার পর্যাপ্ত সঞ্চয়, খাদ্য নিরাপত্তা, দীর্ঘায়ু এবং জেন্ডার সমতা অর্জনের মধ্য দিয়ে। তবে, সামাজিক অন্তর্ভুক্তির অনেক ক্ষেত্রেই পিছিয়ে পড়ার কারণে আমাদের অগ্রগতির এই সুফল এখনও সকল নাগরিকের মাঝে সমানভাবে বিতরণ করা সম্ভব হয়নি। আমাদের প্রধান আর্থ-সামাজিক শক্তি হচ্ছে শ্রমবাজার। সামাজিক ন্যায়বিচার ও অন্তর্ভুক্তির এই লক্ষ্য পূরণ করতে হলে শ্রমবাজারের সম্ভাবনা, সুফল, এবং সুরক্ষা বিতরণে সমতা নিশ্চিত করা অপরিহার্য।

এসব আলোচনার প্রেক্ষাপটে, এই ওয়েবিনারটিতে অংশগ্রহণকারী সদস্যরা সবার জন্য অন্তর্ভুক্তিমূলক কর্মসংস্থান, অপ্রাতিষ্ঠানিক কর্মসংস্থানকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়া, এবং দক্ষতা উন্নয়নের সুযোগ প্রদানের মাধ্যমে সামাজিক অন্তর্ভুক্তি ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করার উপায় খুঁজেন।

এই জাতীয় ওয়েবিনারটিতে ন্যায়বিচার বিষয়ক সংসদীয় ককাসের সদস্যগণ, পিস ক্যাফের সদস্য এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ উপস্থিত ছিলেন আরো অনেকে।

CENTRE FOR PEACE AND JUSTICE



মোঃ ওয়াহিদুল ইসলাম

কমিউনিকেশন্স অফিসার

সেন্টার ফর পিস এন্ড জাস্টিস (সিপিজে), ব্র্যাক বিশ্ববিদ্যালয়

০১৭৫৯৭৫০৫৫৭

Wahidul.islam@bracu.ac.bd